94

দৈনিক ইত্তেফাক

তারিখ 12 MAR 1994 পৃষ্ঠা 2 কলাম 6

## কৃষি কলেজ চাই

বগুড়া জেলার গাবতলী থানার বাগবাড়ীতে সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বাড়ী। সেখানে তাহার নামে একটি কলেজ হইতেছে। আশা করা যায়, কলেজটির জন্য প্রচুর টাকা খরচ হইবে এবং উহা সরকারীকরণও করা হইবে। ইহা আমাদের জন্য আনন্দের বিষয়। এই থানায় আরো কলেজ আছে। এইসব কলেজ হইতে আমাদের ছেলেমেয়েরা যাহারা পাস করিতেছে তাহারা কোনই চাকুরী পাইতেছে না। বেকার শিক্ষার্থীর কারখানা হিসাবে কলেজগুলি কাজ করিতেছে। আমরা তাই জিয়াউর রহমান কলেজটিকে বেকার তৈয়ারীর কারখানা হিসাবে দেখিতে চাই না। কৃষিপ্রধান এলাকার কৃষির বহু বিষয় শিক্ষার এবং হাতে কলমে করার আছে। আমরা এই কলেজ টিকে কৃষি কলেজ হিসাবে দেখিতে চাই। তাই শহীদ জিয়াউর রহমান কলেজটিকে কৃষি কলেজ হিসাবে মঞ্জুরীদানের জন্য প্রধানমন্ত্রীর নিকট আবেদন জানাইতেছি।

—মুঃ জাবেদুর রহমান, ২২, পালপাড়া, বগুড়া।